# Times Today BD

ডেস্ক রিপোর্ট | অর্থনীতি | 27 June, 2025

দুই বছর পর প্রথমবারের মতো দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ৩০ বিলিয়ন মার্কিন ডলার ছাড়িয়েছে।তিনটি আন্তর্জাতিক ঋণদাতা সংস্থার অর্থ পানির কারণে রিজার্ভে এই উল্লেখযোগ্য বৃদ্ধি এসেছে।

বৃহস্পতিবার (২৬ জুন) রাতে বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র আরিফ হোসেন খান জানান, আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ) থেকে ১৩৪ কোটি ডলার, এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) থেকে ৯০ কোটি ডলার এবং জাইকা থেকে ঋণ সহায়তা পাওয়ার ফলে মোট রিজার্ভ বেড়ে ৩০ দশমিক ৫১ বিলিয়ন ডলারে পৌঁছেছে।

কেন্দ্রীয় ব্যাংকের হিসাব অনুযায়ী, নিট বা প্রকৃত রিজার্ভ বর্তমানে ২০ বিলিয়ন ডলারের কাছাকাছি, যা দেশের ৩ মাসের আমদানি ব্যয় মেটানোর জন্য পর্যাপ্ত।বিশেষজ্ঞরা বলছেন, এই রিজার্ভ দেশের মুদ্রাবাজার স্থিতিশীল রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

গত কয়েক বছরে প্রবাসী আয় বেড়ে যাওয়ায় এবং বৈদেশিক ঋণ ও বাজেট সহায়তার মাধ্যমে রিজার্ভে চাপ কমেছে।২০২১ সালের আগস্টে সর্বোচ্চ ছিল ৪৮ বিলিয়ন ডলার রিজার্ভ, যা পরবর্তীতে নানা কারণে কমে যায়।২০২২ সালের জুলাইয়ে আইএমএফের কাছ থেকে ঋণ সহায়তা নেয়ার মাধ্যমে পুনরায় পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করা হয়।

বৈদেশিক মুদ্রার রিজার্ভ আন্তর্জাতিক ঋণ বাংলাদেশ ব্যাংক আন্তর্জাতিক মুদ্রা তহবিল, এশীয় উন্নয়ন ব্যাংক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 00:47

URL: https://www.timestodaybd.com/economy/379648794